" শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"
# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম।

টেলিফোন : অফিস/বাসা : ০৪২১- ৬৮৮৭৪
অভিযোগ কেন্দ্র : ০৪২১- ৬৮৮৭৩
ই-মেইল : jessorepbs1@gmail.com
ওয়েব সাইট : www.pbs1.jessore.gov.bd

প্রধান কার্যালয় : তপসীডাঙ্গা, যশোর।

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫২৮.০১.০১১.১৮. ৫৫৪৬

তারিখঃ ০৮ অগ্রহায়ণ ১৪২৫ বাং।
২২ নভেম্বর ২০১৮ ইং।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নোক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে শুধুমাত্র প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট থেকে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃনং | পদের নাম | বেতনস্কেল | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতনস্কেল ১৪,৭০০.০০ হতে ২৬,৪৮০.০০ টাকাসহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি | ০১। **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩(তিন)বছর/ ০৬বছর বছর/ ০৯ (নয়) বছর সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>০২। **বয়স সীমাঃ** প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫২ বৎসর (দরখাস্ত গ্রহণের সর্বশেষ সময় ০৮/১২/২০১৮ ইং তারিখে) হতে হবে। সর্বোচ্চ নবম চুক্তি বা ৫৫বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>০৩। **অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। **আবেদন পুরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইটঃ www.pbs1.jessore.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) $A_4$ কাগজে ডাউনলোড পূর্বক **স্ব-হস্তে পূরন** করে আগামী ০৮/১২/২০১৮খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত **সাদা কাগজে ও টাইপকৃত** কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি সত্যায়িত ;
(খ) প্রয়োজনীয় সকল কাগজ পত্রের সত্যায়িত ফটোকপি ;
(গ) জাতীয় পরিচয় পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি ;
(ঘ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;
(ঙ) সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক (নাম ও পদবী সম্বলিত সীলসহ) সত্যায়িত হতে হবে।
(চ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচ.আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।
(ছ) এছাড়াও অভিজ্ঞতার সনদপত্র, প্রার্থীর আবেদনপত্রে পূর্ব অভিজ্ঞতার (বৎসর ভিত্তিক অর্থাৎ প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক) বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন তা উল্লেখ করতে হবে।

০৩। **চুক্তির সময়কালঃ** নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবসের ব্যবধানে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর (৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যে টি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

০৪। **অন্যান্য শর্তাবলীঃ**

(ক) বাপবিবোর্ডর স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৪১৫ তারিখ- ১৬/১০/২০১৮ইং এর নির্দেশনা অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মূল্যায়ন করা হবে।
(খ) প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জ্যেষ্ঠতা নির্ধারনের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫ তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

অপর পাতায়

(গ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/= টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা দিতে হইবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেওয়া হইবে।

(ঘ) কোন সমিতির সহিত চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলা জনিত কারনে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) যশোর জেলার স্থায়ী বাসিন্দা এবং ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)/মিটার রিডার-কাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(ছ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(জ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন ভাবে নিয়োজিত হতে /থাকতে পারবেন না।

(ঝ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারন দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

(ঞ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসাবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩(তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ট) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগ প্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে পরে নিয়োগ প্রাপ্ত সহোদরের চুক্তি বাতিল করা হবে।

(ঠ) ইতোপূর্বে কর্মরত পবিসে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(ড) অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(প্রকৌঃ আবদুল মন্নান)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (সদয় অবগতি ও বহুল প্রচারের স্বার্থে নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, পবিবোর্ড, ঢাকা।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, যশোর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................................পবিস-১/২/৩/৪।
০৫। উপজেলা নির্বাহী অফিসার ,যশোর সদর/ শার্শা/ বাঘারপাড়া/ ঝিকরগাছা/চৌগাছা, যশোর।
০৬। ডিজিএম (কারিঃ-সদর দপ্তর/ শার্শা/বাঘারপাড়া/ঝিকরগাছা/চৌগাছা) জোনাল অফিস, যশোর পবিস-১।
০৭। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
০৭। এজিএম, অর্থ (হিঃ/রাঃ)/প্রশাসন/ ওএন্ডএম/এম,এস /ইএন্ডসি, যশোর পবিস-১।
০৮। নোটিশ বোর্ড, যশোর পবিস-১ ।

সিনিয়র জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২ ভার্সস-০১
অনুমোদিতঃ ২৪/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার / জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর।।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-......................

.....................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.....................................
৩. পদের ধরনঃ

.............................................
৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

.....................................................
৫. প্রকাশনার তারিখ

.............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.........................................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

.........................................................................
৭. জন্ম তারিখ (এস.এস.সি. পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

............/........../............(দিন/মাস/বছর)

.............................................
৮. পিতার নাম

৯. বয়স (০৮/১২/২০১৮খ্রিঃ তারিখে)

................................................
১০. মাতার নাম

..............................................................
১১. ধর্ম

................................................
১২. জাতীয়তা

..............................................................
১৩. নিজ জেলা

.....................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা
(টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

| ......................... | ....................... | ......................... | ................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৭. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ......................... | ....................... | ......................... | ................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. **প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ /বিভাগ/ শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |

১৯. **অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):**

২০. **প্রাক্তন ও বর্তমান চাকুরী কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):**

| ইতিপূর্বে কর্মরত পবিসের নাম | চাকুরীকাল | যোগদানের তরিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

২১. **প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
|---|---|
| ১। | |
| ২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

.................................. তারিখ

............................................ আবেদনকারীর স্বাক্ষর